



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নংঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩-৭৭

তারিখঃ ০৭ নভেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তিঃ

সম্প্রতি গণমাধ্যমে প্রকাশিত দুটি ঘটনায় কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়-

ঘটনা ০১- হবিগঞ্জ জেলার নবীগঞ্জে শিশু জিসানের ওপর বর্বর নির্যাতনের ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন তীব্র নিন্দা জ্ঞাপন করে। এ ঘটনায় অভিযুক্ত এবং গ্রেপ্তারকৃত স্বপন মিয়াসহ অন্যান্য দোষীদের দ্রুত বিচার নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সুপারিশ প্রেরণ করা হয়েছে এবং কমিশন মামলার অগ্রগতি পর্যবেক্ষণ করছে।

ঘটনা ০২- মাদারীপুরে মাদ্রাসা শিক্ষকের পিটুনিতে দ্বিতীয় শ্রেণীর ছাত্রের মৃত্যুর ঘটনাটিকে মানবাধিকারের চরম লঙ্ঘন হিসাবে চিহ্নিত করা হয়। উক্ত ঘটনায় আসামীকে দ্রুত গ্রেপ্তার করে বিচার নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সুপারিশ প্রেরণ করা হয়েছে এবং কমিশন মামলার অগ্রগতি পর্যবেক্ষণ করছে।

ধন্যবাদান্তে

ফারহানা সাদ্দিক

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন

মোবাইলঃ ০১৭৯০-৫৩৬৯৩৬